গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার নভেম্বর-২০২১ মাসের ৩২ তম উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ঃ ১৫/১১/২০২১ খ্রি.।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' )

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচি মতে সভার কার্যক্রম শুরু করেন এবং নিম্নরূপে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার অক্টোবর-২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্য বিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত ও গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২ | ১) উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফল ঘোষণা ও নিয়োগ অনুমোদন সংক্রান্ত ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা পরিষদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় সপ্তর্ষী চাকমা পিতা- সাধন মোহন চাকমা গ্রাম- বিচিতলা সুরেন্দ্র কার্বারী পাড়া, ডাক- খাগড়াছড়ি, জেলা- খাগড়াছড়ি গৃহীত পরীক্ষা সমূহে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হওয়ায় নিয়োগ-বাছাই কমিটি সপ্তর্ষী চাকমাকে নিয়োগের সুপারিশ করে। বিস্তারিত আলোচনায় নিয়োগ-বাছাই কমিটি কর্তৃক নিয়োগের সুপারিশকৃত ব্যক্তি সপ্তর্ষী চাকমাকে সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের প্রস্তাব সর্বসম্মত অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা পরিসদে সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে জনাব সপ্তর্ষী চাকমা পিতা- সাধন মোহন চাকমা মাতা- কনিকা চাকমা গ্রাম- বিচিতলা সুরেন্দ্র কার্বারী পাড়া, ডাক- খাগড়াছড়ি, জেলা- খাগড়াছড়ি নিয়োগ প্রদানে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| | ২) গ্রাম পুলিশ নিয়োগ অনুমোদন সংক্রান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন ভিত্তিক গ্রাম পুলিশ নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়। নিয়োগ-বাছাই কমিটি ১৩টি ইউনিয়নে ইউনিয়ন ভিত্তিক মোট ১৯ জন নিয়োগ এবং ১ জন পদোন্নতির জন্য সুপারিশ করে (পতাকা- খ সংযুক্ত)। গ্রাম পুলিশ নিয়োগ/পদোন্নতি নিয়োগ-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিদের নিয়োগের অনুমোদনের জন্য প্রস্তাব করা হলে বিস্তারিত আলোচনায় নিয়োগের প্রস্তাব সর্বসম্মতক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। চেয়ারম্যান, কোদালা ইউ,পি দীর্ঘ দিন পর গ্রাম পুলিশ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করায় উপজেলা নির্বাহী অফিসারকে আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করে ধন্যবাদ জানান। | নিয়োগ প্রস্তাব সর্বসম্মতীক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমের মধ্যে ১) প্যাকেজ নং-১ এ রাজানগর, ইসলামপুর ২) প্যাকেজ নং-৫ পোমরা, পারুয়া ৩) প্যাকেজ নং-৭ এ বেতাগী ও সরফভাটা ৩ টি প্যাকেজের কার্যক্রমের মধ্যে প্রকল্প সমূহের কাজ ৮০% সম্পন্ন করা হয়। ইউ,পি নির্বাচন-২০২১ কার্যক্রম চলাকালীন সময়ে সরকারি বিধি-নিষেধের কারণে চলতি অর্থ বছরের প্রকল্পের কার্যক্রম আপাতত স্থগিত রাখা হয়। নির্বাচন কার্যক্রম সম্পন্ন হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ ইউ,পি নির্বাচন পরবর্তী প্রকল্প গ্রহণের কার্যক্রম শুরু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |



CamScanner

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনার বিষয়বস্তু</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td><u>ইউডিএফ প্যাকেজ নং-০৬ প্রকল্পটির পরিবর্তে কবির আহমদ বাড়ী সংলগ্ন ড্রেন নির্মাণ সংক্রান্ত ঃ</u> চেয়ারম্যান সরফভাটা ইউ,পি জানান, ইউডিএফ প্যাকেজ নং-০৬ প্রকল্পটি বাস্তবায়নের জন্য ১,৯০,০০০/- টাকা ব্যয়ে মরহুম কবির আহমদ বাড়ী ও মৌলানা সাহাব উদ্দিনের বাড়ীর সংলগ্ন ড্রেন কালভার্ট নির্মাণের প্রকল্প গৃহীত হয়। কিন্তু গৃহীত প্রকল্পটি বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ সংকুলান না হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। তাছাড়া প্রকল্পটি বাস্তবায়িত হলেও গাড়ী চলাচল করা যাবে না। তিনি গৃহীত প্রকল্পের অর্থ দ্বারা ইউডি-এফ প্যাকেজ নং-০৬ প্রকল্পটির পরিবর্তে কবির আহমদ বাড়ী সংলগ্ন ড্রেন নির্মাণ করার প্রস্তাব করেন। প্রস্তাবটি বিস্তারিত আলোচনায় সর্বসম্মতক্রমে গৃহীত হয়।</td><td>ইউডিএফ প্যাকেজ নং-০৬ প্রকল্পটির মরহুম কবির আহমদ বাড়ী ও মৌলানা সাহাব উদ্দিনের সংলগ্ন পানি নিষ্কাশনের ড্রেণ ও কালভার্ট নির্মাণ গৃহীত প্রকল্পের পরিবর্তে কবির আহমদ বাড়ী সংলগ্ন ড্রেণ নির্মাণ প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td><td></td></tr>
<tr><td>৪</td><td><u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) (৪র্থ পর্যায়) এর অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত ঃ</u><br>উপজেলা ফ্যাসিলিটেটর জানান, ২০১৯-২০২০ অর্থ বছরে অনুমোদিত স্কীম সমুহের মধ্যে দশ মাইল বাজার সংলগ্ন মুক্তিযোদ্ধা বাজার শেড নির্মাণ ও পদুয়া রাজারহাট বাজার শেড নির্মাণ (প্যাকেজ নং- INF-2019-20-201570-04) (টেন্ডার আইডি নং-৫৫৪০৫৯) কাজটি ১০০% সমাপ্ত হয়েছে। সমাপ্তকৃত কাজের গুণগতমান সন্তোষজনক।<br>বিলের ধরণ নিম্নরূপ ঃ-<br>প্যাকেজভুক্ত সমাপ্তকৃত কাজটির (ভ্যাট+আয়কর সহ) প্রাক্কলিত মূল্য= ১১,০৪,৯৭২.০০ চুক্তিমূল্য= ৯,৯৫,৩৭৩.৯০ টাকা ঠিকাদারের কর্তৃক সমাপ্তকৃত দাবীকৃত বিল টাকা = ৯,৯৫,৩৭৩.০০ (ভ্যাট ৭.৫% = ৭৪৬৫৩.০০ + আয়কর ৩% = ২৯৮৬১.০০ টাকা) মোট কর্তন= ১,০৪,৫১৪.০০ টাকা বাদ দিয়ে ঠিকাদারের নীট পাওনা = ৮,৯০,৮৫৯/- টাকা মাত্র অর্থ ছাড় করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উপস্থাপন করেন।</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) (৪র্থ পর্যায়) এর আওতায় দশ মাইল বাজার সংলগ্ন মুক্তিযোদ্ধা বাজার শেড নির্মাণ ও পদুয়া রাজারহাট বাজার শেড নির্মাণ সমাপ্তকৃত কাজের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে সভায় উপস্থিত সকলেই ঠিকাদারের পাওনা পরিশোধ করার জন্য প্রয়োজনীয় অর্থ ছাড় করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>৫</td><td><u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (২০২০-২১) সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প অনুমোদন সংক্রান্তঃ</u><br>ইউডিএফ জানান, নিম্ন বর্ণিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (২০২০-২১) সক্ষমতা বৃদ্ধি উন্নয়ন উপ প্রকল্পের আওতায় ৭(সাত)টি প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ পাওয়া যায়। প্রকল্প সমূহ সভার অনুমোদনের প্রয়োজন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>বাস্তবায়নকারী দপ্তর</th></tr>
<tr><td>১</td><td>যুব মহিলাদের জন্য ব্লক-বাটিক প্রিন্টিং ও এমব্রয়ডারি বিষয়ক প্রশিক্ষণ।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়</td></tr>
<tr><td>২</td><td>পুষ্টি চাহিদা পূরণে ফল উৎপাদনের গুরুত্ব ও এর কলাকৌশল।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়</td></tr>
<tr><td>৩</td><td>দেশীয় প্রজাতির মাছচাষ ব্যবস্থাপনা ও মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়</td></tr>
<tr><td>৪</td><td>অপ্রধান কৃষিজ পণ্য (ডাল, তেল ও মসলা) জাতীয় ফসল উৎপাদনের গুরুত্ব ও উৎপাদন কলাকৌশল।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়</td></tr>
<tr><td>[illegible]</td><td>মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের আইসিটি ও মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক প্রশিক্ষণ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়</td></tr>
<tr><td>৬</td><td>বাল্যবিবাহ,যৌতুক, নারী ও শিশু নির্যাতন এবং ইভ টিজিং রোধে সচেতনতামূলক কর্মশালা।</td><td>উপজেলা নির্বাহী কর্মকতার কার্যালয়</td></tr>
<tr><td>৭</td><td>গৃহপালিত (গরু- ছাগল, হাঁস- মুরগী,) প্রাণীদের বিভিন্ন রোগ বালাই প্রতিরোধ এবং টিকা প্রদান (ব্যবহারিক) বিষয়ে প্রশিক্ষণ।</td><td>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার কার্যালয়</td></tr>
</table>
ইউডিএফ কর্তৃক পেশকৃত প্রকল্প সমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতক্রমে গৃহীত হয়।</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (২০২০-২১) সক্ষমতা বৃদ্ধির গৃহীত উন্নয়ন উপপ্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।</td></tr>
</table>



CamScanner

| ক্রঃনং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। করোনা ভাইরাস সংক্রমন রোগ কমে গেলেও স্বাস্থ্যবিধি মেনে মেনে চলা বাধ্যবাধকতা রয়েছে। কোভিড-১৯ রোধে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তার বিভাগের ইউনিয়ন পর্যায়ে ৪১ টি কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিক রয়েছে। ৪১ টি কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সচল আছে। তিনি করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার জন্য সকল জনপ্রতিনিধিদের আন্তরিক আহ্বান জানান। | স্বাস্থ্য বিধি মেনে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ কোভিড-১৯ করোনা ভাইরাস টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য বিভাগ ও সংশ্লিষ্ট ইউ, পি |
| ৭ | **উপজেলা পঃ পঃ বিভাগ ঃ** সহকারী উপজেলা পঃপঃ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক সমূহে মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম অব্যহত আছে। তিনি অক্টোবর-২০২১ মাসের উপজেলার জন্য নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের নিম্নরুপ সেবা গ্রহণকারীদের তথ্য তুলে ধরেন।<br>ক্রঃনং / বিবরণ / সংখ্যা<br>১ / পুরুষ বন্ধ্যাকরণ / ৫ জন<br>২ / ইমপ্লান্ট সেবা গ্রহণকারী (মহিলা) (৩ বছর মেয়াদি পদ্ধতি) / ২০৩ জন<br>বিভাগীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা কামনা করেন সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পারিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ৮ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি ২০২১-২২ অর্থ বছরের টিআর/কাবিখা প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। তিনি স্ব-স্ব ইউনিয়নে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন পূর্বক উপজেলায় প্রেরণের জন্য সকল ইউ,পি চেয়ারম্যানগণকে আহ্বান জানান এবং প্রকল্প সমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বরাদ্দকৃত অর্থে গৃহীত প্রকল্প সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এনএটিপি প্রকল্পের আওতায় ৭টি ব্যাচে প্রতি ব্যাচে ৩০ জন করে খামারী প্রশিক্ষণ প্রদান করা হয় বেতাগী ইউনিয়নে ডিওয়ামিং ও ভ্যাসিনেশন ক্যাম্পেইন করা হয়। ভেটেরিনারী পাবলিক হেলথ প্রকল্পের আওতায় ৩০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা হয়। লাইভস্টক ডেইরী ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় ৪ জন খামারীকে ক্রিম সেপারেটর মেশিন প্রদান করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাঙ্গুনিয়া |
| ১০ | **উপজেলা কৃষি অফিস ঃ** কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জানান, চলতি মৌসুমে ১৫৪৫৫ হেঃ জমিতে আমন চাষাবাদের লক্ষ্যমাত্রার অতিরিক্ত ফসল উৎপাদিত হবে। কাঙ্ক্ষিত ফসল পাওয়ার জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। প্রণোদনা দেয়ার তালিকা প্রনয়নের কার্যক্রম চলছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ কৃষি উৎপাদনে সহায়তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |



CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থ বছরের নির্বাচিত ৪৭৫ জন উপকারভোগীসহ স্বাস্থ্য সেবা জোরদার করার লক্ষ্যে ৯/১১/২০২১ খ্রি. হতে ১০/১১/২০২১ খ্রি. পর্যন্ত হেলথ ক্যাম্প অনুষ্ঠিত হয়। বিভাগীয় উপকারভোগীদের ভাতা প্রদানের কার্যক্রম চলমান। তিনি বিভাগীয় কার্যক্রম সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১২ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ১) ক্যানসার/দুরারোগ্য ব্যাধি আক্রান্তদের ২৮ জন ব্যক্তি প্রতি জনকে এককালীন অনুদান হিসেবে ৫০,০০০/- টাকা করে প্রদান করা হয়। ২) পল্লী সমাজ সেবা ক্ষুদ্র ঋণের আওতায় ৪৯ জনকে ১৫,০০,০০০/- টাকা ৩) পল্লী মাতৃ কেন্দ্রের আওতায় ৩০ জনকে ৬,০০,০০০/- টাকা প্রদান করা হয়। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সংশ্লিষ্ট সকল রাঙ্গুনিয়া। |
| ১৩ | **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, উপজেলা মৎস্য কর্মকর্তা অসুস্থতাজনিত কারনে অনুপস্থিত রয়েছেন। | পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | **উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম চলমান। খাদ্য বান্ধব কর্মসূচি ২০১৬ খ্রি. হতে শুরু হয়ে বর্তমান পর্যন্ত উপজেলায় ৬১১০ জন উপকারভোগী আছে। খাদ্য বান্ধব কর্মসূচিতে তালিকাভুক্ত কোন উপকারভোগীর মৃত্যু হলে ইউনিয়ন কমিটি নতুন কাউকে তালিকাভুক্ত করার সুযোগ রয়েছে। উপকারভোগী তালিকায় কোন কোন ইউনিয়নে মৃত ব্যক্তিন নাম রয়েছে। যা সংশোধনক্রমে যথাযথ তালিকা প্রদানের সকল ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। আগামী ডিসেম্বর-২০২১ হতে কৃষি বিভাগের সার্বিক সহযোগিতায় ধান সংগ্রহ কার্যক্রম শুরু হবে। বিভাগীয় কাযক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার ধান সংগ্রহ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনায় সরকারি নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ধানের নমুনা যথাযথভাবে পরীক্ষা করে ধান সংগ্রহ/ক্রয়ের জন্য বিস্তারিত নির্দেশনা দেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্ত-বায়ননসহ খাদ্য বান্ধব কর্মসূচির যথাযথ তালিকাকরণ এবং ধান ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। আগামীতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি/আলীম পরীক্ষা-২০২১ ও এসএসসি ভকেশনাল ও দাখিল ভকেশনাল পরীক্ষা-২০২১ অনুষ্ঠিত হবে। পরীক্ষা সমূহ সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রশাসনের ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতার প্রয়োজন। তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন - করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |



CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা শিক্ষা বিভাগ ঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। সরকারী নির্দেশনা মতে প্রাথমিক শিক্ষা কার্যক্রম উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত আছে। গত ১২ সেপ্টেম্বর-২০২১ হতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলছে। কোন ছাত্র/ছাত্রী করোনায় অক্রান্ত হয়নি। এলজিইডি ও জনস্বাস্থ্য বিভাগ যৌথ উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াস ব্লক নির্মাণ করে দেয়ায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুষ্ঠু পরিবেশ গড়ে উঠছে। তিনি প্রাথমিক সমাপনী পরীক্ষা হবে না মর্মে জানান। তিনি বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্নকরণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৭ | **উপজেলা সমবায় বিভাগ ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চলছে। নিবন্ধনকৃত সমিতি সমূহের কার্যক্রম মনিটরিং করা হয়। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৮ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। যুবক/যুবতীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির জন্য বিভাগীয় ব্যবস্থা রয়েছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা রাঙ্গুনিয়া। |
| ২০ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী জানান, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। সরকারী নির্দেশনা মতে মুজিববর্ষ উপলক্ষ্যে নিরাপদ পানি সরবরাহে ১৫ টি নলকূপ স্থাপন করা হয়। চলতি অর্থ বছরে বরাদ্দকৃত নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সম্পাদনে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন -করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রাঙ্গুনিয়া। |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি বিভাগীয় কার্যক্রম সম্পন্নকরণে সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২২ | **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিভাগীয় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাঙ্গুনিয়া। |
| ২৩ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। বিভাগীয় ঋণ প্রদান ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাঙ্গুনিয়া। |
| ২৪ | **চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাঙ্গুনিয়া জোনাল অফিস ঃ**<br>উপস্থিত প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করণসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ রাঙ্গুনিয়া। |
| ২৫ | **বিবিধ ঃ ক) উপজেলা পরিষদে সিসি ক্যামেরা সংস্কার/সংযোগ স্থাপন বিল পরিশোধ সংক্রান্ত ঃ**<br>ক) উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ অভ্যন্তরে নিরাপত্তার লক্ষ্যে স্থাপনকৃত সিসি ক্যামেরা সমূহ বিভিন্ন ত্রুটির কারণে অচল হয়ে পড়ে এবং আরও ৩ টি নতুন সিসি ক্যামেরা স্থাপন করা হয়। স্থাপনকৃত এবং নতুন সংযোগ/স্থাপনের সিসি ক্যামেরার মালামাল সামগ্রী ও মেকানিক মজুরীসহ বিল বাবদ ৩৩,৮৫০/-(তেত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা পরিশোধের অপেক্ষায় রয়েছে। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য প্রস্তাব করা হলে সর্বসম্মতক্রমে গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে সিসি ক্যামেরার সংযোগ/ স্থাপন ও অন্যান্য আনুষাঙ্গিক খরচ বাবদ =৩৩,৮৫০/- (তেত্রিশ হাজার আটশত পঞ্চাশ) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল। |



CamScanner

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | খ) ফটোকপিয়ার মেশিন ও কম্পিউটার প্রিন্টার কার্টিজ/টোনার ক্রয় বাবদ বিল পরিশোধ ঃ<br>ফটোকপিয়ার মেশিন কার্টিজ ও কম্পিউটার প্রিন্টার টোনার ক্রয় এর বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত ক্রয়কৃত মালামাল সামগ্রীর বিল বাবদ =১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা পরিশোধের অপেক্ষায় আছে। বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য প্রস্তাব করা হলে উক্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ফটোকপিয়ার মেশিন কার্টিজ ও কম্পিউটার প্রিন্টার টোনার ক্রয় এর বিল=১২,৫০০/- (বার হাজার পাঁচশত) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | গ) অফিস সরঞ্জাম ক্রয় বিল পরিশোধ সংক্রান্ত ঃ<br>উপজেলা পরিশোধে ব্যবহৃত ক্রোকারিজ সামগ্রী অতি পুরানো। যা ব্যবহারে অযোগ্য। নতুন ক্রোকারিজ সামগ্রী ক্রয় বাবদ বিল =২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা পরিশোধের অপেক্ষায় রয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করা হলে সভায় উক্ত প্রস্তাব সর্বসম্মত ভাবে গৃহীত হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রোকারিজ সামগ্রী ক্রয় বাবদ বিল ২৫,০০০/-(পচিঁশ হাজার) টাকা পরিশোধের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | **ঘ) উপজেলা পরিষদ ভবনে পানির পাম্প মেরামত বিল পরিশোধ ঃ**<br>উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান উপজেলা পরিষদ ভবনে পানির পাম্পটি বিকল হয়ে পড়ে। পানির পাম্পটি স্থানীয় মেকানিক দ্বারা মেরামতক্রমে সচল করা হয়। বর্তমানে পানির পাম্পটি মেরামত ও মেকানিক বিল মজুরী বিল বাবদ ২৫০০/- ( দুই হাজার পাচঁশত) টাকা পরিশোধের অপেক্ষায় রয়েছে। বিস্তারিত আলোচনায় বিলটি উপজেলার পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পানির পাম্প মেরামত বাবদ ২৫০০/- (দুই হাজার পাচঁশত) টাকা পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ চলতি অর্থ বছরে উপজেলায় যাতে উন্নয়ন কার্যক্রম ব্যহত না হয় সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে আহ্বান জানান। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নকরণে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

15-11-2021

বীর মুক্তিযোদ্ধা স্বজন কুমার তালুকদার
চেয়ারম্যান ও সভাপতি
উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৬.০০৫.২০২১-৯৮৪

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮ বাংলা। / ১৫ নভেম্বর, ২০২১ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহ্মুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। — সদয় অবগতির জন্য।
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৪। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৫। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৬। উপজেলা ............................................................................................কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। জনাব ........................................................................................................ রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। অফিস নথি।

১৫/১১/২০২১

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং ঃ ০৩০২৫-৫৬০০১।
ই-মেইল ঃ unorangunia@mopa.gov.bd

CamScanner